

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৬৫.০০৭.০৩.০০.০০৩.২০১৬-৮৩


তারিখ: ৩০-০৪-২০২০ খ্রি:

বিষয়: লাইন ডাইরেক্টর (নার্সিং ও মিডওয়াইফারি এডুকেশন এন্ড সার্ভিসেস) শীর্ষক অপারেশনাল প্ল্যানের চাহিদাকৃত মালামাল সিএমএসডি'র মাধ্যমে ক্রয় প্রসংগে।

সূত্র: স্মারক নং-সিএমএসডি/প্রক-৪/এমডি/পিপি(জিওবি)/২০১৯-২০২০/২৪৩৫, তাং-১৬-০৩-২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি-১২ অনুযায়ী “কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়কার্য সম্পাদনের জন্য কোন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর বা পরিদপ্তর এর পর্যাপ্ত কারিগরি সামর্থ্য না থাকিলে, সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট ক্রয়কার্য সম্পাদনের দায়িত্ব উক্ত ক্রয়কার্যে পারদর্শী কোন কার্যকারীকে, অতঃপর এই ধারায় নির্বাহক এজেন্সী (Executing agency) বলিয়া উল্লিখিত, অর্পন করা যাইবে।” নির্বাহক এজেন্সী হিসেবে ক্রয় কার্য অর্পন করা হলে সিএমএসডি কর্তৃক ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা যেতে পারে।

এমতাবস্থায়, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি-১২ অনুযায়ী সিএমএসডিকে নির্বাহক এজেন্সী হিসেবে (Executing agency) ক্রয়কার্য অর্পন করার নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগে পত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

পরিচালক
সিএমএসডি
তেজগাঁও, ঢাকা

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। ✓ সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)